অলিন্দ এবং নিলয়ের সংকোচন ও প্রসারণের ফলেই হৃদযন্ত্রের রক্তসঞ্চালন সংঘটিত হয়। কার্বন ডাইঅক্সাইড সমৃদ্ধ রক্ত দেহ থেকে ঊর্ধ্ব ও নিম্ন মহাশিরার মাধ্যমে ডান অলিন্দে এবং অক্সিজেনসমৃদ্ধ রক্ত ফুসফুস থেকে ফুসফুসীয় শিরা পথে বাম অলিন্দে আসে। অলিন্দদ্বয় সংকুচিত হলে রক্ত ডান অলিন্দ থেকে ডান নিলয়ে এবং বাম অলিন্দ থেকে বাম নিলয়ে প্রবেশ করে। এরপর নিলয় দুটি সংকুচিত হলে রক্তের চাপে একদিকে বাইকাসপিড ও ট্রাইকাসপিড কপাটিকা দ্বারা বাম ও ডান অলিন্দ নিলয় ছিদ্রপথ বন্ধ হয়, অপরদিকে ফুসফুসীয় ধমনী ও মহাধমনীর মুখের অর্ধচন্দ্রাকৃতি বা সেমিলুনার কপাটিকা খুলে যায়। ফলে বাম নিলয়ের অক্সিজেনসমৃদ্ধ রক্ত মহাধমনীর মাধ্যমে সারা দেহে এবং ডান নিলয়ের কার্বন ডাইঅক্সাইড সমৃদ্ধ রক্ত ফুসফুসীয় ধমনীর মাধ্যমে ফুসফুসে যায়।

এভাবে হৃৎপিন্ডের মাধ্যমে উদ্দীপকের তীর চিহ্নিত পথে পর্যায়ক্রমে রক্ত সঞ্চালিত হয়।


ঘ. উদ্দীপকের অঙ্গাটি মানবদেহের রক্তসংবহনতন্ত্রের প্রধান ও সবচেয়ে গুরবত্বপূর্ণ অঙ্গা বলে এটি সুস্থ রাখার জন্য আমাদের সতর্কতা অবলম্বন করা উচিত।

মানবদেহের রক্ত সংবহনতন্ত্র গঠিত হৃৎপিন্ড, রক্ত ও রক্তবাহী নালিকার সমন্বয়ে। এ তন্ত্রের মাধ্যমে দেহে রক্ত সঞ্চালিত হয়। এ প্রক্রিয়ার কেন্দ্রস্থল হলো হৃৎপিন্ড। হৃৎপিন্ড থেকে অসংখ্য রক্তবাহী নালি উৎপন্ন হয়ে দেহের বিভিন্ন অঙ্গো $O_2$ যুক্ত রক্ত বাহিত হয়। এ নালিগুলো হলো : ধমনী যা দেহের ভেতর দিকে অবস্থিত। আবার দেহের বিভিন্ন অংশ থেকে শিরা নামক রক্তনালির মাধ্যমে $CO_2$ যুক্ত রক্ত হৃৎপিন্ডে ফিরে আসে। এ কাজের সময় হৃৎপিন্ড সংকুচিত ও প্রসারিত হয়। এটি সম্ভব হয় হৃদপেশি নামক স্বাধীন ও অনৈচ্ছিক পেশি দ্বারা। হৃৎপিন্ডের ভেতরে কিছু অর্ধচন্দ্রাকৃতির বা সেমিলুনার কপাটিকা রয়েছে যা রক্তের গতিপথ এদিকে নিয়ন্ত্রণ করে।উদ্দীপকে প্রদত্ত চিত্রে আমরা হৃৎপিন্ডের এ বৈশিষ্ট্যগুলো দেখতে পাই।

উপরিউক্ত আলোচনা থেকে বোঝা যায়, হৃৎপিন্ডের মাধ্যমেই মানবদেহে রক্ত সঞ্চালন প্রক্রিয়া সম্পন্ন হয় ও মানুষ বেঁচে থাকে। তাই এ অঙ্গাটি সুস্থ না থাকলে মানুষের দেহে নানাবিধ জটিলতা হয় এমনকি মৃত্যুও হতে পারে।

অতএব যেহেতু হৃৎপিন্ড আমাদের দেহের অতীব গুরবত্বপূর্ণ একটি অঙ্গা, কাজেই একে সুস্থ রাখার জন্য আমাদের অবশ্যই সতর্কতা অবলম্বন করা উচিত।

**প্রশ্ন –৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**



ক. কৈশিকনালির অপর নাম কী? ১

খ. পরিপাকের যন্ত্রের ৰেত্রে কী ধরনের খাবার খাওয়া উচিত– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের চিত্রটির মাধ্যমে রক্ত সঞ্চালন বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের চিত্রটির গঠন ও কার্যাবলি বিশেৰষণ কর। ৪

**৩নং প্রশ্নের উত্তর**

ক. কৈশিকনালির অপর নাম কৈশিক জালিকা।

খ. নিয়মিত সময়ে খাওয়া উচিত। একসাথে বেশি খাবার খাওয়া উচিত না। সবসময় সুষম খাবার খাওয়া দরকার। খাওয়ার কিছুৰণ পর প্রচুর পানি খেতে হবে। সবসময় পানি ফুটিয়ে ঠান্ডা করে খাওয়া উচিত। খাবার ধীরে ধীরে ভালো করে চিবিয়ে খাওয়া উচিত। অধিক মসলা ও তেলযুক্ত খাবার খাওয়া উচিত নয়।

গ. উদ্দীপকের হৃৎপিন্ড হৃদপেশি নামক এক বিশেষ ধরনের অনৈচ্ছিক পেশি দ্বারা গঠিত। যখন হৃৎপিণ্ডের সংকোচন হয় তখন হৃৎপিন্ড থেকে রক্ত ধমনি পথে বিভিন্ন অংশে সঞ্চালিত হয়। আবার, হৃৎপিণ্ডে যখন প্রসারণ ঘটে তখন দেহের বিভিন্ন অঙ্গ থেকে রক্ত শিরা পথে হৃৎপিণ্ডে ফিরে আসে। এভাবে হৃৎপিন্ডর সংকোচন ও প্রসারণ দ্বারা রক্ত একবার হৃৎপিণ্ডে প্রবেশ করে আবার হৃৎপিন্ড থেকে দেহের বিভিন্ন অঙ্গে সঞ্চালিত হয়।

ঘ. উদ্দীপকের চিত্রটির তিন স্তরে গঠিত। যথা : ক. বাইরের স্তর বা পেরিকার্ডিয়াম, খ. মাঝের স্তর বা মায়োকার্ডিয়াম এবং গ. ভেতরের স্তর বা এন্ডোকার্ডিয়াম। এদের মধ্যে মায়োকার্ডিয়ামই সবচেয়ে পুরব এবং এর সংকোচনের কারণে হৃৎপিন্ড পাম্প করে রক্ত সঞ্চালন করে। এটি চার প্রকোষ্ঠবিশিষ্ট ফাঁপা অঙ্গ, যার উপরে দুটি অলিন্দ এবং নিচে দুটি নিলয় যথাক্রমে ডান ও বাম নিলয়। অলিন্দ ও নিলয় দুটি আলাদা প্রাচীর দ্বারা পৃথক থাকে। ডান অলিন্দ ও ডান নিলয়ের মাঝে অলিন্দ নিলয় ছিদ্র থাকে। ঐ ছিদ্রপথে কপাটিকা থাকে। এ ছিদ্রপথে অলিন্দ থেকে নিলয়ে প্রবেশ করতে পারে। অনুরূ পভাবে বাম অলিন্দ ও নিলয়ের মাঝে কপাটিকা থাকে। এৰেত্রে বাম অলিন্দ থেকে রক্ত কেবল মাত্র নিলয়ে প্রবেশ করতে পারে। এছাড়া মহাধমনী ও বাম নিলয়ের সংযোগস্থলে ও ফুসফুসীয় ধমনী এবং ডান নিলয়ের সংযোগস্থলে অর্ধচন্দ্রাকৃতির বা সেমিলুনার কপাটিকা রয়েছে। এই সেমিলুনার কপাটিকাগুলো রক্তের গতিপথ একদিকে নিয়ন্ত্রণ করে।

**প্রশ্ন –৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

আবদুলরাহ্ রসগোলরা খেতে খুবই ভালোবাসে। স্কুলে যাওয়ার পথে একটি মিষ্টির দোকান পড়ে। দোকানের সামনে এলে তার মুখে ক বস্তু উপস্থিত হয়। ক বস্তুতে খ বস্তু উপস্থিত থাকে যা বিভিন্ন খাদ্যবস্তুর সাথে মিশে রাসায়নিক ক্রিয়ায় সাহায্য করে কিন্তু নিজে অংশ নেয় না।

ক. খাদ্যের প্রধান শ্রেণি কয়টি? ১

খ. ভিলাই বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উলিরখিত ক নামক বস্তুটির বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩

ঘ.শ্বেতসার জাতীয় খাদ্যের উপর ‘খ’ বস্তুটির ক্রিয়া বিশেরষণ কর। ৪

**৪নং প্রশ্নের উত্তর**

ক. খাদ্যের প্রধান শ্রেণি তিনটি।

খ. ইলিয়ামের ভেতরের প্রাচীরে অবস্থিত শোষণ অঞ্চলের আঙুলের মতো প্রৰেপিত অংশকে ভিলাই বলে।

গ. উদ্দীপকের ক নামক বস্তুটি লালা। এর বৈশিষ্ট্য নিচে দেওয়া হলো :

১. এটি এক প্রকার বর্ণহীন তরল পদার্থ যা খাদ্যবস্তুকে পিচ্ছিল করে ও গিলতে সাহায্য করে।

২. মুখের পেছনের লালাগ্রন্থি থেকে লালা নিঃসৃত হয়।

৩. লালায় এক ধরনের এনজাইম বা অনুঘটক থাকে যা রাসায়নিক ক্রিয়ায় সাহায্য করে কিন্তু নিজে অংশ নেয় না।

৪. নির্দিষ্ট এনজাইম নির্দিষ্ট প্রকার খাবারের উপর ক্রিয়া করে খাদ্যকে সরল করে। লালা এই এনজাইমকে বহন করে সরলীকরণে অংশ নেয়।

ঘ. উদ্দীপকে বর্ণিত ‘ক’ নামক বস্তুটি লালা এবং ‘খ’ নামক বস্তুটি এনজাইম। লালায় এনজাইম বা অনুঘটক থাকে যা খাদ্যবস্তুর সাথে মিশে রাসায়নিক ক্রিয়ায় সাহায্য করে, কিন্তু নিজে অংশ গ্রহণ করে না। নির্দিষ্ট এনজাইম নির্দিষ্ট কাজ করে।


শ্বেতসার জাতীয় খাদ্যের উপর এনজাইম ক্রিয়া করে একে সরল খাদ্যে রূ পান্তরিত করে। শ্বেতসার খাদ্যের সাথে এনজাইম মিশে খাদ্যের রাসায়নিক ক্রিয়ায় সাহায্য করে এবং একে শর্করায় পরিবর্তিত করে। এর ফলে খাদ্য শরীরের প্রয়োজনীয় তাপশক্তি উৎপাদনের জন্য ব্যবহার উপযোগী হয়।

নিচে ক্রিয়াটি দেখানো হলো :

$$\text{শ্বেতসার} \xrightarrow{\text{এনজাইম}} \text{শর্করা।}$$

অতএব দেখা যাচ্ছে যে, শ্বেতসার জাতীয় খাদ্যের উপর ‘খ’ বস্তুটি অর্থাৎ শ্বেতসার একটি জটিল ও গুরবত্বপূর্ণ ক্রিয়া করে।

**প্রশ্ন –৫ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**




ক. খাদ্য পরিপাক কাকে বলে? ১

খ. শর্করা জাতীয় খাদ্য চিবানোর পর মিষ্টি লাগে কেন? ২

গ. C চিহ্নিত অংশটির কার্যকারিতা ব্যাখ্যা কর। ৩

ঘ.A অংশটি ৰতিগ্রস্ত হলে মানবদেহে কী ধরনের সমস্যা দেখা দিতে পারে? ৪

**▸◂ ৫নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. যে প্রক্রিয়ায় বিভিন্ন এনজাইমের প্রভাবে জটিল খাদ্যবস্তু সরল ও শোষণযোগ্য খাদ্য কণায় পরিণত হয় তাকে খাদ্য পরিপাক বলে।

খ. লালার এনজাইম শ্বেতসারকে পরিবর্তন করে শর্করায় মলটোজ পরিণত করে; এ কারণে শর্করা জাতীয় খাবার চিবানোর পর কিছুৰণ মুখে রাখলে মিষ্টি লাগে।

গ. C অংশটি হলো বৃহদন্ত্র। এই অংশের কার্যকারিতা হলো পানি শোষণ করে এবং খাদ্যের গাজন ও পচন ঘটায় খাদ্যের অপ্রাচ্য ও অহজমকৃত অংশ মলরূ পে জমা রাখে।

ঘ. A অংশটি হলো যকৃৎ। যকৃৎ ৰতিগ্রস্ত হলে অনেক সমস্যা হয়। যেমন–

যকৃত দেহের সবচেয়ে বড় গ্রন্থি। এর সাথে একটি পিত্তথলি যুক্ত থাকে। যকৃৎ কোনো এনজাইম নিঃসরণ করে না। যকৃৎ থেকে পিত্তরস নিঃসৃত হয়। উক্ত রস স্নেহজাতীয় খাদ্যকে পরিপাক উপযোগী করে তোলে। অর্থাৎ স্নেহজাতীয় খাদ্যকে ছোট ছোট কণায় পরিণত করে। পাকস্থলী থেকে অম্লীয় প্রকৃতির অর্ধপাচিত পাকমণ্ড ক্ষুদ্রান্ত্রে আসার পর সেটির সাথে অগ্ন্যাশয় নিঃসৃত এনজাইমগুলো বিক্রিয়া করে। অম্লীয় মাধ্যমে বিক্রিয়া ঘটতে অসুবিধা সৃষ্টি হয়। পিত্তরস ৰারীয় হওয়ায় পিত্তরসের উপস্থিতিতে অম্লীয়ভাব প্রশমিত হয় এবং বিক্রিয়ার পরিবেশ তৈরি হয়। অগ্ন্যাশয় থেকে নিঃসৃত লাইপেজ এনজাইম স্নেহ বা চর্বির ক্ষুদ্র ক্ষুদ্র কণার ওপর বিক্রিয়া করে সরল ও দেহে শোষণ উপযোগী উপাদান ফ্যাটি এসিড ও গিরসারল তৈরি করে।

যকৃত ৰতিগ্রস্ত হলে বা যকৃতের অনুপস্থিতিতে পিত্তরস তৈরি হবে না এবং শুধু স্নেহ জাতীয় খাদ্যই পরিপাকে বাধাগ্রস্ত হবে না বরং অম্লীয় পরিবেশে অগ্ন্যাশয় নিঃসৃত কোনো এনজাইমই শর্করা বা আমিষের ওপর বিক্রিয়া করে তাদের দেহের শোষণ উপযোগী সরল উপাদানে পরিণত করতে পারবে না।

সুতরাং, A অংশটি অর্থাৎ যকৃৎ ৰতিগ্রস্ত হলে মানবদেহে পরিপাকের মতো গুরবত্বপূর্ণ প্রক্রিয়ায় মারাত্মক ধরনের সমস্যা সৃষ্টি হবে।

**প্রশ্ন –৬ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

বাদল শাকসবজি খেতে চায় না, তার মা তাকে কাঁচা ফলমূলও খাওয়াতে পারে না। এর ফলে তার শরীরে নানারকম অস্বস্তি দেখা দিতে শুরব করল। ডাক্তার বললেন, এটা প্রকৃতপৰে কোনো রোগ নয়।

ক. হরমোন কোথায় উৎপন্ন হয়? ১

খ. শ্বেত কণিকার দুটি বৈশিষ্ট্য লেখ। ২

গ. বাদলের কী হয়েছে বলে মনে কর? তোমার উত্তরের সপৰে যুক্তি দেখাও। ৩

ঘ.উদ্দীপকে উলিরখিত সমস্যার কারণ ও প্রতিকার ব্যবস্থা উলেরখ কর। ৪

**▸◂ ৬নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. হরমোন উৎপন্ন হয় দেহের নালিহীন গ্রন্থিতে।

খ. শ্বেতরক্ত কণিকার ২টি বৈশিষ্ট্য হলো :

i. এরা উভাবতল, চাকতির মতো গোলাকার কোষ।

ii. এরা অস্থিমজ্জায় তৈরি হয় ও নিউক্লিয়াসবিহীন।

গ. বাদলের কোষ্ঠকাঠিন্য হয়েছে।

কোষ্ঠকাঠিন্য হওয়ার কারণ ও লৰণ তার মধ্যে বিদ্যমান। যেমন : সে কাঁচা ফলমূল খায় না। এর ফলে নিয়মিত মলত্যাগ হয় না। এ কারণে তার দেহে নানারকম অস্বস্তি অনুভব করে। তাছাড়া ডাক্তার বলেছেন এটা প্রকৃতপৰে কোনো রোগ নয়। উপরিউলিৰখিত বাদলের রোগের সকল বৈশিষ্ট্যই কোষ্ঠকাঠিন্যের সাথে মেলে।

তাই বলা যায়, বাদলের কোষ্ঠকাঠিন্য হয়েছে।

ঘ. উদ্দীপকে উলিৰখিত সমস্যাটির নাম কোষ্ঠকাঠিন্য।

কোষ্ঠকাঠিন্যের কারণ নিম্নরূ প :

১. পৌষ্টিক নালির মধ্য দিয়ে খাদ্যবস্তুর চলন ধীর হওয়া।

২. কাঁচা ফলমূল ও শাকসবজি না খাওয়া।

৩. পায়খানার বেগ পেলে সঙ্গে সঙ্গে পায়খানায় না বসা।

৪. পরিমাণমতো পানি না খাওয়া।

কোষ্ঠকাঠিন্য প্রতিকারের উপায় হলো :

১. নিয়মিত পরিমাণমতো পানি পান করা

২. কাঁচা ফলমূল ও শাকসবজি খাওয়া।

৩. পায়খানার বেগ পেলে চেপে না রেখে সঙ্গে সঙ্গে মলত্যাগ করা।

**প্রশ্ন –৭ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সালাম সাহেব মার্কেটিং অফিসার। ব্যস্ততার কারণে তিনি সময়মতো খাবার গ্রহণ করতে পারেন না। আবার সময় পেলেই তিনি বেশি মসলা ও তেলযুক্ত খাবার খান। ফলে তার বুক, পেট জ্বালাপোড়া ও ব্যথা শুরব হলো। ডাক্তার বললেন তার রোগ হয়েছে।

ক. ডিওডেনামের আকৃতি কী রকম? ১

খ. পাকস্থলীর দুটি বৈশিষ্ট্য লেখ। ২

গ. সালাম সাহেবের কী রোগ হয়েছে? আলোচনা কর। ৩

ঘ.এ রোগের প্রতিরোধ ব্যবস্থা ও সময়মতো প্রতিকারের প্রয়োজনীয়তা উলেৰখ কর। ৪

**৭নং প্রশ্নের উত্তর**

ক. ডিওডেনামের আকৃতি ‘ট’ এর মতো।

খ. পাকস্থলীর দুটি বৈশিষ্ট্য হলো :

১. এর আকৃতি থলের মতো, প্রাচীর বেশ পুরব ও পেশিবহুল।

২. এর প্রাচির গ্যাস্ট্রিক গ্রন্থি নামে প্রচুর গ্রন্থি থাকে।

গ. সালাম সাহেবের গ্যাস্ট্রাইটিস রোগ হয়েছে।

এ রোগের কারণগুলো হলো :

১. বেশি মসলা ও তেলযুক্ত খাবার খেলে।

২. খাবার গ্রহণে অনিয়ম করলে।

৩. ভাজা পোড়া খাবার বেশি খেলে।

৪. পরিমাণমতো পানি না খেলে।

সালাম সাহেবের ৰেত্রেও এ কারণগুলো প্রযোজ্য। ফলে এটা নিশ্চিত যে তার গ্যাস্ট্রাইটিস রোগটি হয়েছে।

ঘ. সালাম সাহেবের রোগের নাম গ্যাস্ট্রাইটিস। গ্যাস্ট্রাইটিস রোগ প্রতিরোধে করণীয় নিচে দেওয়া হলো :

১. সময়মতো খাবার গ্রহণ করা।


২. কম মসলা ও তেলযুক্ত খাবার খাওয়া।

৩. ভাজাপোড়া জাতীয় খাবার যথাসম্ভব পরিহার করা।

৪. বেশি পরিমাণে পানি পান করা।

গ্যাস্ট্রাইটিস রোগের লৰণ যেমন : বুক, পেট জ্বালা করা, পেট ব্যথা ইত্যাদি দেখা দিলেই ডাক্তারের শরণাপন্ন হয়ে প্রতিকারের যথাযথ পদৰেপ নেওয়া উচিত। তা নাহলে পাকস্থলী ও অন্ত্রে ৰতের সৃষ্টি হয়ে গ্যাস্ট্রিক আলসার রোগের সৃষ্টি হয়। এ কারণে গ্যাস্ট্রাইটিস রোগ প্রতিকারে সচেতন হতে হবে।

**প্রশ্ন –৮ ▸ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**




ক. হৃদরোগ কী? ১

খ. খাবার গ্রহণে জিহ্বার ভূমিকা বর্ণনা কর। ২

গ. 'A' দেহের প্রহরীর মতো কাজ করে– ব্যাখ্যা কর। ৩

ঘ. B এর তাৎপর্য তুলে ধর। ৪

**▸◂ ৮নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. হৃৎপিন্ডজনিত রোগই হলো হৃদরোগ।

খ. খাদ্যকে ছোট ছোট টুকরা করার জন্য বিভিন্ন প্রকার দাঁত রয়েছে। এগুলো খাদ্যকে দেহের ব্যবহারের উপযোগী করে। জিহ্বা এসব খাদ্যকে দাঁতের কাছে পৌঁছে দিতে সাহায্য করে। খাদ্য ছোট ছোট টুকরায় রূ পান্তরিত হলে জিহ্বা খাদ্য গিলতে সাহায্য করে।

গ. A হলো শ্বেতকণিকা যা দেহের প্রহরীর মতো কাজ করে।

শ্বেতকণিকা অন্যান্য রক্ত কণিকার চেয়ে আকারে কিছুটা বড় ও অনিয়মিত আকারের হয়। এদের নিউক্লিয়াস আছে। দেহে কোনো রোগজীবাণু প্রবেশ করলে শ্বেত রক্তকণিকা সেগুলো ধ্বংস করে। দেহের ভেতর রোগ জীবাণুর প্রবেশ প্রতিরোধ করার মাধ্যমে দেহকে নীরোগ রাখে। প্রহরী যেমন দুর্বৃত্তদের প্রবেশ থেকে গৃহ বা দেশকে রৰা করে তেমনি শ্বেত রক্তকণিকাও রোগ জীবাণুর প্রবেশ থেকে দেহকে রৰা করে।

অতএব, A বা শ্বেতকণিকা দেহের প্রহরীর মতো কাজ করে।

ঘ. B হলো রক্তের অণুচক্রিকা, যার উলেৰখযোগ্য তাৎপর্য রয়েছে।

অণুচক্রিকা হলো রক্তের ক্ষুদ্রতম কণিকা। এর গঠন নিম্নরূ প :

১. দেখতে গোলাকার বা বৃত্তের মতো।

২. লোহিত রক্তকণিকার চেয়ে আকারে ছোট হয়।

৩. নিউক্লিয়াস বিহীন।

৪. গুচ্ছাকারে জন্মায়।


৫. লোহিত অস্থিমজ্জা থেকে উৎপন্ন হয়।

**অণুচক্রিকার কাজ :**

দেহের কোনো অংশ কেটে গেলে অণুচক্রিকা রক্ত জমাট বাঁধতে সাহায্য করে। দেখা যাচ্ছে যে, রক্তের অন্যতম কণিকা অণুচক্রিকার গঠন ও কাজ অন্য রক্তকণিকাগুলোর চেয়ে আলাদা। এটি না থাকলে মানুষের দেহের কাটাস্থান থেকে রক্তপাত বন্ধ হতে পারত না এমনকি দেহের ভেতরেও প্রয়োজনের সময় রক্ত জমাট বাঁধত না।

অতএব, B অর্থাৎ অণুচক্রিকার তাৎপর্য অপরিসীম।

**প্রশ্ন –৯ ▸ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**




ক. শিরা কী? ১

খ. মুখছিদ্রের দুটি কাজ লেখ। ২

গ. A, B, C ও D এর প্রকৃত নাম লেখ এবং এদের প্রধান দু'ভাগে বিভক্ত কর। ৩

ঘ.C এর গঠন ও কাজ বর্ণনা কর। ৪

**▸◂ ৯নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. যেসব রক্তনালি দ্বারা দেহের বিভিন্ন অংশ থেকে রক্ত হৃৎপিণ্ডে ফিরে আসে সেগুলোই শিরা।

**খ. মুখছিদ্রের দুটি কাজ হলো :**

১. মুখের ঠোঁটদ্বয় খোলা ও বন্ধ থেকে খাদ্য গ্রহণ নিয়ন্ত্রণ করে।

২. মুখছিদ্রের মাধ্যমে খাদ্য মুখগহ্বরে প্রবেশ করে।

গ. A, B, C ও D এর প্রকৃত নাম যথাক্রমে লোহিত রক্তকণিকা, অণুচক্রিকা, রক্তরস ও শ্বেত রক্তকণিকা।
এই চারটি উপাদানকে প্রধান দুভাগে বিভক্ত করা যায়।
যেমন : ১. রক্তরস ও ২. রক্তকণিকা


ঘ. C এর প্রকৃত নাম রক্তরস। যা রক্তের তরল অংশ।
সাধারণত রক্তের শতকরা ৫৫ ভাগ রক্তরস। এতে আমিষ, লবণ ও অন্ত্র থেকে শোষিত খাদ্য উপাদান থাকে। রক্তরসে রক্তকণিকা ভাসমান অবস্থায় থাকে। এতে ফাইব্রিনোজেন নামক উপাদান থাকে যা রক্ত জমাট বাঁধতে সাহায্য করে।

**কাজ :**

১. রক্তরস দেহের বিভিন্ন অংশে অক্সিজেন, খাদ্য সার, হরমোন ইত্যাদি বহন করে।


২. দেহের বিভিন্ন অংশ থেকে ক্ষতিকর পদার্থ যেমন : কার্বন ডাইঅক্সাইড, ইউরিয়া, ইউরিক এসিড ইত্যাদি বহন করে বিভিন্ন রেচন অঙ্গের মাধ্যমে দেহ থেকে বের করে দেয়।

**প্রশ্ন –১০ ▸ নিচের চিত্রগুলো লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**



A

B




C

ক. সংবহন প্রক্রিয়া কাকে বলে? ১

খ. ব্যাসিলারি আমাশয় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত C এর বিভিন্ন অংশ চিহ্নিত চিত্র আঁক। ৩

ঘ.উদ্দীপকে উল্লিখিত A ও B এর মধ্যকার বৈসাদৃশ্য উল্লেখ কর। ৪


**▸◂ ১০নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. যে প্রক্রিয়ায় প্রাণিদেহের রক্ত পরিবহনের কাজ সম্পন্ন হয় তাকে রক্ত সংবহন প্রক্রিয়া বলে।

খ. ব্যাসিলারি আমাশয় একটি বিশেষ ধরনের ব্যাকটেরিয়াজনিত রোগ।

সিগেলা নামের এক ধরনের ব্যাকটেরিয়া অন্ত্রকে আক্রমণ করলে আমাশয় হয়। জীবাণু বৃহদন্ত্রের ঝিলিস্নকে আক্রমণ করে। ফলে বারবার পায়খানার সাথে শেস্নষ্মা বের হয়। অনেক সময় রক্তও যায়।

গ. উদ্দীপকে উলিস্নখিত C হলো হৃৎপিন্ড। নিচে হৃৎপিণ্ডের চিহ্নিত চিত্র অঙ্কন করা হলো :




ঘ. উদ্দীপকে উলিস্নখিত A ও B যথাক্রমে ধমনী ও শিরা। নিচে ধমনী ও শিরার মধ্যকার বৈসাদৃশ্য উলেস্নখ করা হলো :

| ধমনী | শিরা |
|---|---|
| ১. ধমনী হৃৎপিন্ড থেকে উৎপন্ন হয়। | ১. শিরা কৈশিক জালিকা থেকে উৎপন্ন হয়। |
| ২. ধমনীতে কপাটিকা থাকে না। | ২. শিরাতে কপাটিকা থাকে। |
| ৩. গহ্বর বা লুমেন ছোট। | ৩. গহ্বর বা লুমেন বড়। |
| ৪. প্রাচীর পুরব | ৪. প্রাচীর পাতলা। |
| ৫. বহনকৃত রক্তে অক্সিজেনের পরিমাণ বেশি থাকে। | ৫. বহনকৃত রক্তে অক্সিজেনের পরিমাণ কম থাকে। |

**প্রশ্ন –১১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

আজমল হোসেন একজন ৰুদ্র ব্যবসায়ী। তিনি তেলযুক্ত খাবার পছন্দ করেন। তিনি ধূমপানে অভ্যস্ত। মাঝে মাঝে মাদকও গ্রহণ করেন। বুকের বাম দিকে তিনি তীব্র ব্যথা অনুভব করলে ডাক্তারের কাছে গেলেন। ডাক্তার সাহেব জানালেন আজমল হোসেন হৃদরোগে আক্রান্ত।

ক. উচ্চ রক্তচাপ কী? ১

খ. ধূমপানের ৰতিকর দিক ব্যাখ্যা কর। ২

গ. আজমল হোসেন যে রোগে আক্রান্ত সেই রোগের কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ.আজমল হোসেনের রোগ থেকে রৰা পাওয়ার পদৰেপগুলো উলেস্নখ কর। ৪

**▸◂ ১১নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. রক্তের চাপ স্বাভাবিকের তুলনায় বেড়ে যাওয়া উচ্চ রক্তচাপ।

খ. ধূমপান একটি কুঅভ্যাস। ধূমপানের ফলে ধমনীগাত্র শক্ত হয়ে রক্তপ্রবাহে ব্যাঘাত ঘটে। ধূমপানে হৃদরোগের ঝুঁকি থাকে। হৃদরোগ ছাড়াও ফুসফুসের রোগের জন্য ধূমপান দায়ী।

গ. আজমল সাহেব উচ্চ রক্তচাপ বা হৃদরোগে আক্রান্ত। কোনো মানুষের রক্তচাপ যখন স্বাভাবিকের তুলনায় বেড়ে যায় তখন তাকে উচ্চ রক্তচাপ বলে। উচ্চ রক্তচাপের দরবন স্ট্রোকসহ মৃত্যু পর্যন্ত হতে পারে।

**হৃদরোগের কারণ :**

১. অধিক তেল ও চর্বিযুক্ত খাবার গ্রহণ করা।

২. সুষম খাদ্য গ্রহণ না করা।

৩. ধূমপান করা।

৪. অতিরিক্ত পরিশ্রম করা।

৫. খেলা, হাঁটাচলা, ব্যায়াম বা কোনোরকম শারীরিক পরিশ্রম না করা।

ঘ. আজমল হোসেন হৃদরোগে আক্রান্ত। আজমল হোসেনকে তার রোগ থেকে রক্ষা পেতে নিচের পদক্ষেপগুলো নিতে হবে–

১. অধিক শর্করা ও চর্বিযুক্ত খাবার না খাওয়া।


২. নিয়মিত শারীরিক পরিশ্রম করা। যথা : খেলাধুলা, হাঁটাচলা, ব্যায়াম করার অভ্যাস গড়ে তোলা।

৩. নিয়মিত সুষম খাদ্য গ্রহণ করা।

৪. ধূমপান ত্যাগ করা। ধূমপানের ফলে ধমনীগাত্র শক্ত হয়ে রক্ত প্রবাহের ব্যাঘাত ঘটায়।

৫. অতিরিক্ত পরিশ্রম, অতিরিক্ত মানসিক চাপ ও দুশ্চিন্তামুক্ত থাকার চেষ্টা করা।

**প্রশ্ন –১২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**




ক. মুখের দুইপাশে কয় জোড়া লালাগ্রন্থি রয়েছে? ১

খ. ব্যাসিলারি আমাশয়কে রক্ত আমাশয় বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের আলোকে চিত্রের প্রকারভেদের বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকের কর্মপদ্ধতি বিশ্লেষণ কর। ৪

**▸◂ ১২নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. মুখের দুইপাশে তিন জোড়া লালা গ্রন্থি রয়েছে।

খ. ব্যাসিলারি আমাশয়ে পায়খানার সাথে রক্ত বের হয় বলে একে রক্ত আমাশয় বলা হয়।

সিগেলা নামের এক ধরনের ব্যাকটেরিয়া অন্ত্রকে আক্রমণ করলে এ ধরনের আমাশয় হয়। এ রোগে বারবার পায়খানা হয় এবং পায়খানার সাথে শ্লেষ্মা বের হয়। অনেক সময় এর সাথে রক্তও যায়। এজন্য এ রোগকে রক্ত আমাশয় বলে।

গ. উদ্দীপকের দাঁত চার প্রকার। যথা :

i. কর্তন দাঁত খাবার ছোট ছোট করে কাটে।

ii. ছেদন দাঁত দিয়ে মাংস ও অন্যান্য শক্ত জিনিস ছিঁড়ে ও কাটে।

iii. অগ্রপেষণ দাঁত দিয়ে খাদ্যবস্তু চর্বন ও পেষণ করা যায়।


iv. পেষণ দাঁতগুলো খাদ্যবস্তু চিবাতে ও পিষতে সাহায্য করে।

এছাড়া অন্যান্য দাঁতের অনেক পরে গজায় আক্কেল দাঁত।

ঘ. উদ্দীপকে দাঁতের কর্মপদ্ধতির মধ্যে রয়েছে দাঁত খাদ্যবস্তু কেটে ছোট ছোট করে পেষণে সাহায্য করে।

এ সময় জিহ্বা খাদ্য বস্তুর স্বাদ গ্রহণ করে এবং খাদ্যবস্তুকে বারবার দাঁতের নিচে পাঠিয়ে চিবাতে সাহায্য করে। লালাগ্রন্থি থেকে নিঃসৃত লালা খাদ্যকে পিচ্ছিল করে এবং খাদ্যবস্তুকে গিলতে সাহায্য করে। লালারসে এক ধরনের উৎসেচক বা এনজাইম আছে, যা শ্বেতসারকে আংশিক ভেঙে শর্করায় পরিণত করে। মানুষের স্থায়ী দাঁতের সংখ্যা ৩২টি। প্রতি চোয়ালে ১৬টি করে।

**প্রশ্ন –১৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**




ক. হৃৎপিণ্ড কয় প্রকোষ্ঠবিশিষ্ট? ১

খ. লোহিত রক্ত কণিকা কী? ব্যাখ্যা কর। ২

গ. P এবং R এর মধ্যে পার্থক্য ব্যাখ্যা কর। ৩

ঘ. P, Q মানবদেহের সবচেয়ে গুরবত্বপূর্ণ তরলটি পরিবহন করে– বিশেরষণ কর। ৪

**১৩নং প্রশ্নের উত্তর**

ক. হৃৎপিণ্ড চার প্রকোষ্ঠবিশিষ্ট।

খ. লোহিত রক্তকণিকার জন্য রক্তের রং লাল দেখায়। এর মধ্যে হিমোগ্লোবিন নামক একটি রঞ্জক পদার্থ থাকে। হিমোগ্লোবিনের সাথে অক্সিজেন যুক্ত হয়ে দেহকোষে পৌঁছায়। লোহিত রক্তকণিকা উভাবতল (উভয় পৃষ্ঠে খাদ আছে)। চাকতির মতো গোলাকার কোষ। লোহিত রক্তকণিকায় নিউক্লিয়াস থাকে না। লোহিত রক্তকণিকা যকৃত ও অস্থিমজ্জায় তৈরি হয়।

গ. উদ্দীপকের চিত্রে P ও R হলো যথাক্রমে ধমনি ও শিরা। ধমনি ও শিরার পার্থক্য নিচে দেওয়া হলো :

সৃজনশীল ১০(ঘ) নং প্রশ্নের উত্তর দেখ।

ঘ. উদ্দীপকের P ও Q হলো যথাক্রমে ধমনি ও কৈশিকনালি মানবদেহের সবচেয়ে গুরবত্বপূর্ণ তরল হচ্ছে রক্ত। নিচে ধমনি ও কৈশিকনালির মধ্য দিয়ে রক্ত চলাচল ব্যাখ্যা করা হলো–

**ধমনি :** যেসব রক্তবাহী নালি হৃৎপিণ্ড থেকে উৎপন্ন হয়ে দেহের বিভিন্ন অঙ্গে রক্ত বহন করে তাকে ধমনি বলে। এরা দেহের ভেতর দিকে অবস্থিত। ধমনির প্রাচীর পুরব গহ্বর ছোট এবং এর গহ্বরে কপাটিকা থাকে না। ধমনি অক্সিজেন সমৃদ্ধ রক্ত পরিবহন করে।

**কৈশিকনালি :** ধমনি ক্রমান্বয়ে শাখাপ্রশাখায় বিভক্ত হয়ে শেষ পর্যন্ত অতিসূক্ষ্ম নালি তৈরি করে। এসব সূক্ষ্মনালি থেকে শিরার উৎপত্তি। এক স্তরবিশিষ্ট পাতলা এপিথেলিয়াল কোষ দিয়ে কৈশিকনালির প্রাচীর গঠিত। কৈশিকনালি দেহকোষের চারপাশে অবস্থান করে।

উপরিউক্ত আলোচনা থেকে বলা যায়, P, Q মানবদেহের সবচেয়ে গুরবত্বপূর্ণ তরলটি পরিবহন করে।

**প্রশ্ন –১৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

জাকিয়া স্কুল থেকে বাসায় ফেরার পথে রাস্তার ধারে চটপটি ও ফুচকা কিনে খায়। বাসায় ফেরার কিছুৰণের মধ্যে পেটে ব্যথা অনুভব করে এবং জ্বর দেখা দেয়। সে বারবার টয়লেটে যেতে থাকে এবং এক সময় শারীরিক অবস্থা খারাপ হলে মা–বাবা তাকে নিয়ে চিকিৎসকের শরণাপন্ন হয়।

ক. জাকিয়ার রোগটির নাম কী? ১

খ. এ রোগটি হওয়ার কারণ কী? ২

গ. জাকিয়ার পেটে ব্যথার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. জাকিয়া চিকিৎসকের শরণাপন্ন না হলে কী ৰতি হতো? আলোচনা কর। ৪

**১৪নং প্রশ্নের উত্তর**

ক. জাকিয়ার রোগটির নাম ব্যাসিলারি আমাশয়।

খ. রোগটি হওয়ার কারণ হচ্ছে অন্ত্রে সিগেলা নামক ব্যাকটেরিয়ার আক্রমণ।

গ. জাকিয়ার পেটে ব্যথার কারণ খাদ্য বিষক্রিয়া সিগেলা নামক ব্যাকটেরিয়ার আক্রমণের কারণে পেটে ব্যথা অনুভব করে এবং জ্বর দেখা যায়। জাকিয়া স্কুল থেকে বাসায় ফেরার পথে রাস্তার ধারে চটপটি ও ফুচকা কিনে খায়। খোলা বাসি খাবার যেগুলো রাস্তার দুপাশে বিক্রি হয় সেগুলোতে অনেক জীবাণু

উড়ে পড়ে। যার কারণে খাদ্য বিষক্রিয়া (Food-poisoning) হয়। যার ফলে জীবাণু বৃহদন্ত্রের ঝিলিস্নকে আক্রমণ করে এবং বারবার পায়খানা হয় এবং পায়খানার সাথে শেস্নষ্মা বের হয়। অনেক সময় রক্তও যায়। এজন্য এ রোগকে রক্ত আমাশয় বলে।

ঘ. জাকিয়া চিকিৎসকের শরণাপন্ন হয় যেহেতু তার শারীরিক অবস্থা খারাপের দিকে যেতে থাকে।

স্বাস্থ্য ঝুঁকি হতে রৰা পেতে প্রতিরোধের পাশাপাশি প্রতিকার সম্পর্কে জানতে ও মানতে হবে। নানাভাবে শরীরে জীবাণু বাসা বাঁধে। একটু সচেতন হলেই স্বাস্থ্য ঝুঁকি থেকে রৰা পাওয়া সম্ভব। দোকানের খোলা খাবার খেয়ে আমাশয় রোগে ভুগছে। নানা কারণে আমাশয় রোগ সৃষ্টি হয়। পানি ফুটিয়ে পান না করা। মাছি, আরশোলা থেকে খাদ্যবস্তুকে রৰার মাধ্যমে আমাশয় রোগ প্রতিরোধ করা সম্ভব। তাই এ রোগ থেকে মুক্তি পেতে রোগ প্রতিরোধ করা সম্ভব। জাকিয়া চিকিৎসকের শরণাপন্ন না হলে আরও স্বাস্থ্যের ৰতি হতো। সুতরাং এ রোগ থেকে রৰা পেতে হলে জাকিয়াকে প্রতিরোধ ব্যবস্থা গ্রহণের পাশাপাশি প্রতিকার সম্পর্কে জানতে ও মানতে হবে।

**প্রশ্ন -১৫ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

আমান সাহেব একজন ব্যাংক কর্মচারী। তিনি সকাল থেকে রাত পর্যন্ত একটানা পরিশ্রম করেন। পরিশ্রমের সাথে মাত্রাতিরিক্ত ধুমপান করেন। সারা দিন হাঁটা-চলা হয় না বললেই চলে। হঠাৎ একদিন অফিস থেকে ফিরে বুকের বাঁদিকে ব্যথা অনুভব করলেন। কিছুৰণের মধ্যে ব্যথা তীব্র হলো। তিনি বেহুঁশ হয়ে পড়লেন।

ক. লালার এনজাইমের নাম কী? ১

খ. রক্তরসের দুটি প্রধান কাজ উলেস্নখ কর। ২

গ. আমান সাহেবের রোগটির সম্ভাব্য কারণসমূহ অনুমান কর। ৩

ঘ. এ রোগের আক্রমণ হতে রৰা পাওয়ার বিভিন্ন উপায় সম্পর্কে পরামর্শ দাও। ৪

**▸◂ ১৫নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. লালার এনজাইমের নাম টায়ালিন।

খ. রক্তরসের দুটি প্রধান কাজ হলো :

i. রক্তরস দেহের বিভিন্ন অংশে অক্সিজেন, খাদ্যসার, হরমোন ইত্যাদি পরিবহন করে।

ii. দেহের বিভিন্ন অংশ থেকে ৰতিকর পদার্থ যেমন কার্বন ডাই-অক্সাইড, ইউরিয়া, ইউরিক অ্যাসিড ইত্যাদি বহন করে বিভিন্ন রেচন অঙ্গের মাধ্যমে দেহ থেকে বের করে দেয়।

গ. আমান সাহেব হৃদরোগে আক্রান্ত। তার এ রোগের সম্ভাব্য কারণসমূহ হলো-

i. অধিক তেল ও চর্বিযুক্ত খাবার খাওয়া

ii. সুষম খাদ্যগ্রহণ না করা

iii. অতিরিক্ত ধূমপান করা

iv. অতিরিক্ত পরিশ্রম করা

v. খেলা, হাঁটাচলা, ব্যায়াম বা কোনো রকম শারীরিক পরিশ্রম না করা।

ঘ. হৃদরোগের আক্রমণ থেকে রৰা পাওয়ার বিভিন্ন উপায়গুলো হলো-

i. অধিক শর্করা ও চর্বিযুক্ত খাবার না খাওয়া।

ii. নিয়মিত শারীরিক পরিশ্রম করতে হবে। যেমন- খেলাধুলা, হাঁটাচলা, ব্যায়াম করার অভ্যাস গড়ে তুলতে হবে।

iii. নিয়মিত সুষম খাদ্যগহণ করতে হবে।

iv. ধূমপান ত্যাগ করতে হবে। কারণ ধূমপানের ফলে ধমনি গাত্র শক্ত হয়ে রক্তপ্রবাহে ব্যাঘাত ঘটে।

v. অতিরিক্ত মানসিক চাপ ও দুশ্চিন্তামুক্ত থাকতে হবে।

উপরিউক্ত নিয়মগুলো মেনে চললে এ রোগের হাত রৰা পাওয়া যাবে

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন –১৬ ▸**




ক. টায়ালিন কী? ১

খ. এনজাইম কীভাবে কাজ করে? বর্ণনা কর। ২

গ. B থেকে কোনো এনজাইম নিঃসৃত হয় না কিন্তু পরিপাকে মূল ভূমিকা রাখে—কীভাবে ব্যাখ্যা কর। ৩

ঘ. A–কে রাসায়নিক কারখানার সাথে তুলনা করা যায়– যুক্তিসহ আলোচনা কর। ৪

**প্রশ্ন –১৭ ▸** খেলাতে গিয়ে তাহসিনের পা কেটে গেল। সে দেখলো পা দিয়ে লাল রঙের এক ধরনের তরল পদার্থ বের হচ্ছে। মাকে দেখাতে গিয়ে দেখলো গড়িয়ে পড়া তরল পদার্থটি জমাট বেঁধে শক্ত হয়ে গেছে।

ক. ফাইব্রিনোজেন কী? ১

খ. ভিলাই বলতে কী বোঝায়? ২

গ. কোনটির কারণে তাহসিনের ৰতস্থানে তরল পদার্থ জমাট বেঁধেছে? ৩

ঘ. তাহসিনের ৰতস্থান থেকে গড়িয়ে পড়া তরল পদার্থটি আমাদের দেহে কী কাজ করে? বিশেৱষণ কর। ৪

## দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ■ জ্ঞানমূলক ■

**প্রশ্ন ॥ ১ ॥ কোন খাবার হজম হতে সমস্যা হয়?**

**উত্তর :** আঁশযুক্ত খাবার হজম হতে সমস্যা হয়।

**প্রশ্ন ॥ ২ ॥ খাদ্য কী?**

**উত্তর :** আমরা বেঁচে থাকার জন্য যা খাই তাই খাদ্য।

**প্রশ্ন ॥ ৩ ॥ ট্রিপসিন কী?**

**উত্তর :** ট্রিপসিন এক ধরনের এনজাইম।

**প্রশ্ন ॥ ৪ ॥ এনজাইমের অপর নাম কী?**

**উত্তর :** এনজাইমের অপর নাম উৎসেচক/ অনুঘটক।

**প্রশ্ন ॥ ৫ ॥ শর্করার অপর নাম কী?**

**উত্তর :** শর্করার অপর নাম শ্বেতসার।

**প্রশ্ন ॥ ৬ ॥ ক্ষুদ্রান্ত্র কী?**

**উত্তর :** ৰুদ্রান্ত্র পৌষ্টিকনালির বিশেষ অঙ্গ।

**প্রশ্ন ॥ ৭ ॥ মানুষের স্থায়ী দাঁতের সংখ্যা কয়টি?**

**উত্তর :** মানুষের স্থায়ী দাঁতের সংখ্যা ৩২টি।

### ■ অনুধাবনমূলক ■

**প্রশ্ন ॥ ১ ॥ খাদ্য পরিপাকের ক্ষেত্রে সুস্থদেহের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর।**

**উত্তর :** খাদ্য পরিপাক একটি জটিল প্রক্রিয়া। খাদ্য মুখ দিয়ে গ্রহণ করার পর বিভিন্ন পথ অতিক্রম শেষে উচ্ছিষ্ট অংশ দেহের বাইরে পায়ুপথের মাধ্যমে বের হয়। অসুস্থ দেহে পরিপাক ঠিকমতো হয় না কিন্তু সুস্থদেহে পরিপাক আপনা আপনি ঘটে। তাই খাদ্য পরিপাকের ৰেত্রেও সুস্থ দেহের প্রয়োজন রয়েছে।

**প্রশ্ন ॥ ২ ॥ রাসায়নিক বিক্রিয়ার ক্ষেত্রে এনজাইমের ভূমিকা ব্যাখ্যা কর।**

**উত্তর :** এনজাইম খাদ্যবস্তুর পরিপাকের ৰেত্রে রাসায়নিক বিক্রিয়ায় সাহায্যে করে কিন্তু নিজে অংশ নেয় না। এনজাইম রাসায়নিক বিক্রিয়ার পর অপরিবর্তিত থাকে।

**প্রশ্ন ॥ ৩ ॥ এনজাইমের ক্ষেত্রে তাপমাত্রার ভূমিকা ব্যাখ্যা কর।**

**উত্তর :** প্রতিটি এনজাইমের ৰেত্রে একটি নির্দিষ্ট তাপমাত্রা প্রযোজ্য থাকে। ভিন্ন ভিন্ন এনজাইম ভিন্ন ভিন্ন তাপমাত্রায় সজীব থাকে। প্রতিটি এনজাইমের কার্যকারিতার ৰেত্রে একটি নির্দিষ্ট তাপমাত্রা থাকে।

**প্রশ্ন ॥ ৪ ॥ পেষণ দাঁতের কাজ ব্যাখ্যা কর।**

**উত্তর :** মানুষের চার ধরনের দাঁত থাকে। এর মধ্যে পেষণ দাঁত একটি গুরবত্বপূর্ণ দাঁত। পেষণ দাঁত খাদ্যবস্তু চিবাতে সাহায্য করে। খাদ্যবস্তু চিবানোর পাশাপাশি পেষণ দাঁত খাদ্যবস্তু গিলতেও সাহায্য করে।

**প্রশ্ন ॥ ৫ ॥ খাদ্যবস্তুর স্বাদ গ্রহণ করে কোনটি? ব্যাখ্যা কর।**

**উত্তর :** জিহ্বা খাদ্যবস্তুর স্বাদ গ্রহণ করে।

আমরা যেসব খাদ্য খেয়ে থাকি তার সবগুলোর স্বাদ জিহ্বা গ্রহণ করে। এক এক স্বাদের খাদ্য জিহ্বার এক এক অংশ গ্রহণ করে থাকে।

**প্রশ্ন ॥ ৬ ॥ অক্সিজেন পরিবহনের ক্ষেত্রে রক্তের ভূমিকা ব্যাখ্যা কর।**

**উত্তর :** আমাদের দেহে সকল কাজের জন্য অক্সিজেন দরকার। অক্সিজেন না হলে জীবকোষ বাঁচতে পারে না। কাজেই খাবারের সাথে সাথে এদের দিতে হয় অক্সিজেন। রক্তের লোহিত রক্তকণিকায় অবস্থিত হিমোগ্লোবিন ফুসফুস থেকে অক্সিজেন গ্রহণ করে অক্সিহিমোগ্লোবিন রূপে প্রতিটি কোষে বহন করে।